

# Times Today BD

এম এস রহমান | দেশজুড়ে | 14 June, 2025

পাবনার চাটমোহরে বিদ্যুতায়িত হয়ে আনোয়ার হোসেন রতন (২২) নামে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের এক নেতার মৃত্যু হয়েছে।

শুক্রবার (১৩ জুন) রাত ৮টার দিকে উপজেলার ফৈলজানা ইউনিয়নের মেঘারপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

মৃত রতন ওই গ্রামের মৃত আব্দুল গণির ছেলে ও ফৈলজানা ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ছিলেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন শরৎগঞ্জ পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) আবুল কালাম আজাদ।

স্থানীয়রা জানান, শুক্রবার সন্ধ্যার পর আনোয়ার হোসেন রতন কোদাল দিয়ে তার বসত ঘরের মাটির মেঝে সমান করার কাজ করছিলেন। এ সময় অসাবধানবশত ফ্রিজের তারে কোদালের কোপ লাগলে তিনি বিদ্যুতায়িত হয়ে মাটিতে লুটিয়ে পড়েন। গুরুতর অবস্থায় স্বজনরা তাকে উদ্ধার করে পাবনা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক আনোয়ার হোসেন রতনকে মৃত ঘোষণা করেন।

শরৎগঞ্জ পুলিশ ফাঁড়ির উপ-পরিদর্শক (এসআই) আবুল কালাম আজাদ বলেন, এমন মৃত্যু কারোরই কাম্য নয়। সাবধান ও সতর্ক অবস্থায় কাজ করতে হবে।